DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 03:15 PM

সারাদেশ

# ডেপুটেশন বাতিলের নথি নেই, তবু বদলি; শিক্ষক সংকটে নীলফামারীর কচুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়

প্রতিবেদক: নীলফামারী প্রতিনিধি
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০৩ সেপ্টেম্বর ২০২৬, ০৯:৫২ PM




নীলফামারী সদর উপজেলায় এক সহকারী শিক্ষকের ডেপুটেশন বা সংযুক্তি বাতিলের পৃথক কোনো আদেশ সংশ্লিষ্ট নথিতে না থাকলেও তাঁকে অন্য বিদ্যালয়ে বদলি করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। বদলির পর তাঁর স্থলে কোনো শিক্ষক পদায়ন না করায় শিক্ষক সংকটে পড়েছে কচুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় থেকে গত ২০ আগস্ট জারি করা বদলি আদেশের ৩ নম্বর ক্রমিকে সহকারী শিক্ষক জুই রানীকে তাঁর মূল কর্মস্থল দাঁড়িহারা সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে তরণীবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বদলি করা হয়। ওই আদেশে সদর উপজেলার ১৬ জন সহকারী শিক্ষককে বদলি করা হয়।

সংশ্লিষ্ট নথি ও প্রাপ্ত তথ্যে জানা যায়, জুই রানী দীর্ঘদিন ধরে সংযুক্তিতে কচুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত ছিলেন। তবে প্রাপ্ত নথিতে তাঁর সংযুক্তি বাতিলের কোনো পৃথক অফিস আদেশ পাওয়া যায়নি।

কচুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের হাজিরা খাতা ও ৩০ আগস্টের দৈনিক উপস্থিতি বিবরণী অনুযায়ী, ২০ আগস্ট বদলি আদেশ জারির পরও জুই রানী ২৩ আগস্ট পর্যন্ত ওই বিদ্যালয়ে উপস্থিত থেকে দায়িত্ব পালন করেন। পরে ২৪ আগস্ট তরণীবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যোগ দেন।

তরণীবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক উম্মে সালমা বলেন, জুই রানী ২৪ আগস্ট তাঁদের বিদ্যালয়ে যোগ দিয়েছেন এবং বর্তমানে সেখানে কর্মরত আছেন।

এদিকে জুই রানীকে বদলি করা হলেও কচুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তাঁর স্থলে কোনো শিক্ষক দেওয়া হয়নি। পাঁচটি অনুমোদিত পদের বিপরীতে বিদ্যালয়টিতে আগে থেকেই মাত্র তিনজন শিক্ষক কর্মরত ছিলেন। জুই রানী চলে যাওয়ার পর বর্তমানে ৮১ শিক্ষার্থীর বিদ্যালয়টিতে মাত্র দুজন শিক্ষক দিয়ে পাঠদান ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করতে হচ্ছে।

এ বিষয়ে ভারপ্রাপ্ত জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা রবিউল ইসলাম বলেন, □যদি এ রকম বদলি আদেশ হয়ে থাকে, তাহলে এই পদ্ধতি সঠিক নয়। তবে আমরা বিষয়টি খতিয়ে দেখছি।□

সংযুক্তি বাতিলের পৃথক আদেশ ছাড়া কীভাবে বদলি প্রক্রিয়া সম্পন্ন হলো এবং শিক্ষক সংকটে থাকা একটি বিদ্যালয় থেকে বিকল্প ব্যবস্থা না করেই একজন শিক্ষককে কেন সরিয়ে নেওয়া হলো□এ নিয়ে প্রশ্ন উঠেছে। সংশ্লিষ্ট নথি পর্যালোচনা করে বিষয়টি পরিষ্কার করার দাবি জানিয়েছেন সংশ্লিষ্টরা।

---

## এ বিভাগের আরও খবর



**আশুগঞ্জে রুমিন ফারহানাকে অবাঞ্ছিত ঘোষণা, বিএনপির ঝাড়ু মিছিল**
জাতীয় সংসদে বিএনপির সমালোচনা করে দেওয়া বক্তব্যের প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার...




**সাতক্ষীরায় সড়ক দুর্ঘটনায় পথচারীর মৃত্যু**
সাতক্ষীরায় যাত্রীবাহী বাসের ধাক্কায় আব্দুল মাজেদ (৬০) নামে এক পথচারী নিহত হয়েছেন। আজ রোববার সকাল সাড়ে ১০টার দিকে সাতক্ষীরা-খুলনা মহাসড়কে...



### পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...




### ব্রাহ্মণবাড়িয়ায় কনসার্ট ইস্যুতে সমঝোতা, মানতে হবে যে শর্ত

ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ উপলক্ষে কনসার্ট আয়োজনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের অবসান হয়েছে। শনিবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় ব্রাহ্মণ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

https://www.dhakaprobe.com/saradesh/deputeshn-batiler-nthi-nei-tbu-bdli-shikshk-sngkte-nilfamarir-kchuya-srkari-prathmik-bidjaly